

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৩৪৭  
সোনামুড়া, ০২ জানুয়ারি, ২০২৫

সুসংহত উদ্যান উন্নয়ন মিশন  
মোহনভোগ ব্লকে আনারস ও কাঁঠাল চাষে সহায়তা

সোনামুড়া মহকুমার মোহনভোগ ব্লকে চলতি অর্থবছরে সুসংহত উদ্যান উন্নয়ন মিশনে কৃষকদের আনারস ও কাঁঠাল চাষে সহায়তা দেওয়া হয়েছে। এই মিশনে ব্লকের ৫ হেক্টর জমি আনারস ও ১ হেক্টর জমি কাঁঠাল চাষের আওতায় এসেছে। এজন্য ব্যয় হয়েছে ৫০ হাজার ৮০০ টাকা। তাছাড়াও সুসংহত উদ্যান উন্নয়ন মিশনে মোহনভোগ ব্লকে কৃষকদের আদা চাষেও সহায়তা দেওয়া হয়েছে। এতে ব্লকের ১ হেক্টর জমি আদা চাষের আওতায় এসেছে। এজন্য ব্যয় হয়েছে ১৫ হাজার টাকা। মোহনভোগ কৃষি তত্ত্বাবধায়ক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*